গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ ও গবেষণা ইউনিট
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.০০০.২১১.০৬.০০০৭.২৫-০৫

তারিখ: ০৪ মাঘ ১৪৩২ / ১৮ জানুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

সরকারি চাকরি আইন, ২০১৮ এর ১৭ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ মন্ত্রণালয় কর্তৃক ০৯ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.২১১.০৬.০০২.২২.৬৬ নম্বর প্রজ্ঞাপনে জারিকৃত 'জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩' (অতঃপর 'নীতিমালা' অভিহিত) নিম্নরূপ সংশোধন করা হলো:

i) নীতিমালার ৭.১ (ক) উপানুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

"সকল ক্যাডারের এবং নবনিয়োগপ্রাপ্ত নন ক্যাডার ও অন্যান্য কর্মচারীদের বুনিয়াদি প্রশিক্ষণ চাকরিতে প্রবেশের দুই বছরের মধ্যে সম্পন্ন করতে হবে। ক্যাডার বহির্ভূত এবং নন ক্যাডার থেকে ক্যাডার পদে অন্তর্ভুক্ত কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হবে ৫৫ বছর। স্ব স্ব নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত পেশা-সংশ্লিষ্ট প্রশিক্ষণ কোর্স চাকরিতে প্রবেশের ০২ (দুই) বছরের মধ্যে সম্পন্ন করতে হবে।;"

ii) নীতিমালার ৭.২ উপানুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

"পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা, মাস্টার্স, এম.ফিল., পি.এইচ.ডি অর্জনের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হবে ৪৭ বছর। কর্মকালীন উচ্চশিক্ষা গ্রহণের ক্ষেত্রে এ বয়সসীমা হবে ৫০ বছর এবং পোস্ট ডক্টরাল রিসার্চ, ফেলোশিপ ও মেন্টরশিপের ক্ষেত্রে ৫৪ বছর;"

iii) নীতিমালার ৮.১(খ) উপানুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

"সাধারণভাবে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মেয়াদ হবে ০৪ (চার) মাস এবং প্রশিক্ষণকালের একটি নির্দিষ্ট সময় স্থানীয় প্রশাসন ও গ্রামীণ জনগোষ্ঠীর সাথে সংযুক্ত থাকা-উক্ত প্রশিক্ষণের অন্তর্ভুক্ত হবে। তবে সরকার সময়ে সময়ে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মেয়াদ পুনঃনির্ধারণ করতে পারবে;"

iv) নীতিমালার ১৩.১ উপানুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

"সরকারি দপ্তরসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লক্ষ্য, উদ্দেশ্য ও কাজের সাথে প্রত্যক্ষভাবে সম্পর্কিত বিষয়সমূহের উপর উক্ত প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মচারীর জন্য উপযুক্ত প্রতিষ্ঠানে প্রতি অর্থবছরে ন্যূনতম ৬০ (ষাট) ঘণ্টা প্রশিক্ষণের আয়োজন করবে। এক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ম্যানুয়ালে উল্লিখিত মডিউল অনুসরণ করতে হবে। তবে সংশ্লিষ্ট দপ্তর তাদের বাস্তব চাহিদার নিরিখে প্রশিক্ষণ মডিউলে প্রয়োজনীয় সংযোজন/বিয়োজন করতে পারবে।"

v) নীতিমালার ১৩.২ উপানুচ্ছেদ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে:

**"১৩.২ দক্ষতা নবায়ন প্রশিক্ষণ**
(ক) সরকারি দপ্তরসমূহ স্ব-স্ব প্রতিষ্ঠানে অথবা আওতাধীন প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মচারীর জন্য দেশের অভ্যন্তরে যে কোনো প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/উপযুক্ত প্রতিষ্ঠানে বছরে একবার 'দক্ষতা নবায়ন প্রশিক্ষণের' আয়োজন করবে। এই প্রশিক্ষণের মূল লক্ষ্য হবে নিয়মিত দাপ্তরিক কাজের সাথে সম্পর্কিত জ্ঞান ও দক্ষতা হালনাগাদকরণ এবং সরেজমিন পরিদর্শনের মাধ্যমে দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ও উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সচেতনতা বৃদ্ধি; এবং"

vi) নীতিমালার ১৮.১(ক) উপানুচ্ছেদসমূহ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হবে: